

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর ০৭
শেরে বাংলা নগর ঢাকা ১২০৭।
www.imed.gov.bd

চলমান প্রকল্পের নিবিড় পরিবীক্ষণের জন্য নির্বাচিত প্রকল্পের বিবরণী ও পরামর্শক প্রতিষ্ঠানের কার্যপরিধি (ToR):

ক। প্রকল্পের সংক্ষিপ্ত বিবরণ:

- ১। প্রকল্পের নাম : বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার রাজশাহী স্থাপন
২। উদ্যোগী মন্ত্রণালয় : বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়।
৩। বাস্তবায়নকারী সংস্থা : বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার।
৪। প্রকল্পের অবস্থান : বোয়ালীয়া, রাজশাহী।

৫। অনুমোদিত ব্যয় ও বাস্তবায়নকালঃ

প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকা)		বাস্তবায়নকাল		অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের %)
মূল	সর্বশেষ সংশোধিত	মূল	সর্বশেষ সংশোধিত		
২২২০৩.০০	-	জুলাই, ২০১৭ হতে জুন, ২০২১	-	-	-

৬। প্রকল্পের উদ্দেশ্যঃ

- ❖ রাজশাহীতে একটি আধুনিক নভোথিয়েটার স্থাপনের মাধ্যমে জনসাধারণের মধ্যে মহাকাশ সম্পর্কিত বিজ্ঞান ও প্রযুক্তির বিভিন্ন বিষয়াদি অবহিত করে বিজ্ঞানমনস্ক ইতিবাচক সমাজ গঠনে সহায়তা করা;
- ❖ শিক্ষা-বিনোদনের সুযোগ সৃষ্টি করে স্কুলগামী শিক্ষার্থী ও তরুন প্রজন্মকে উৎসাহিত করার মাধ্যমে বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক শিক্ষায় উৎসাহিত করা; এবং
- ❖ মহাকাশ বিষয়ক গবেষণার সুযোগ সৃষ্টিসহ ডিজিটাল ও সাইন্টিফিক প্রদর্শনীবস্তু প্রদর্শনের সুযোগ সৃষ্টির মাধ্যমে রাজশাহী নভোথিয়েটারকে একটি অনানুষ্ঠানিক বিজ্ঞান শিক্ষা-বিনোদন কেন্দ্র হিসেবে তৈরি করা।

৭। প্রকল্পের মূল কার্যক্রমঃ

- ❖ নভোথিয়েটারের জন্য ভবন নির্মাণ;
- ❖ প্লানেটেরিয়াম যন্ত্রপাতি ক্রয়;
- ❖ বিভিন্ন ধরনের এক্সিবিটস ক্রয়;
- ❖ 9D সিমুলেশন থিয়েটার ক্রয়;
- ❖ অবজারভেটরি টেলিস্কোপ ক্রয় ইত্যাদি।

৮। প্রকল্পের আর্থিক ও বাস্তব অগ্রগতিঃ

প্রাপ্ত তথ্য মতে, সেপ্টেম্বর'২০২০ পর্যন্ত প্রকল্পের ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ১৬.৩৯% ও বাস্তব অগ্রগতি প্রায় ৪৭%।

খ। পরামর্শক প্রতিষ্ঠানের কার্যপরিধি (ToR):

১। প্রকল্পটির নিবিড় পরিবীক্ষণ (In-depth Monitoring) কার্যক্রম পরিচালনার জন্য পরামর্শক প্রতিষ্ঠান নিম্নরূপ দায়িত্ব পালন করবে;

- (১) প্রকল্পের বিবরণ (পটভূমি, উদ্দেশ্য, অনুমোদন / সংশোধনের অবস্থা, অর্থায়নের বিষয় ইত্যাদি সকল প্রযোজ্য তথ্য) পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
- (২) প্রকল্পের অর্থবছর ভিত্তিক কর্ম পরিকল্পনা, অর্থবছর ভিত্তিক বরাদ্দ, অর্থ ছাড় ও ব্যয় ও বিস্তারিত অঙ্গভিত্তিক বাস্তবায়ন (বাস্তব ও আর্থিক) অগ্রগতির তথ্য সংগ্রহ, সন্নিবেশন, বিশ্লেষণ, সারণী/ লেখচিত্রের মাধ্যমে উপস্থাপন ও পর্যালোচনা;
- (৩) প্রকল্পের উদ্দেশ্য অর্জনের অবস্থা পর্যালোচনা ও প্রকল্পের উদ্দেশ্য ও লগ ফ্রেমের আলোকে output পর্যায়ের অর্জন পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

- (৪) প্রকল্পের আওতায় সম্পাদিত / চলমান বিভিন্ন পণ্য, কার্য ও সেবা সংগ্রহের (procurement) ক্ষেত্রে প্রচলিত সংগ্রহ আইন ও বিধিমালা (পিপিএ-২০০৬, পিপিআর-২০০৮, ইত্যাদি) এবং প্রকল্প দলিলে উল্লিখিত ক্রয় পরিকল্পনা প্রতিপালন করা হয়েছে/হচ্ছে কি না সে সকল বিষয়ে তুলনামূলক পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
- (৫) প্রকল্পের আওতায় সংগৃহীত/সংগৃহীতব্য পণ্য, কার্য ও সেবা পরিচালনা এবং রক্ষণাবেক্ষণের জন্য প্রয়োজনীয় জনবলসহ (টেকসহ পরিকল্পনা) আনুষঙ্গিক বিষয় পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
- (৬) প্রকল্পের আওতায় সংগৃহীত/সংগ্রহের প্রক্রিয়াধীন বিভিন্ন পণ্য ও ভৌত কার্য সংশ্লিষ্ট ক্রয়চুক্তিতে নির্ধারিত স্পেসিফিকেশন/BOQ/TOR, গুণগত মান, পরিমাণ অনুযায়ী প্রয়োজনীয় পরিবীক্ষণ/ যাচাইয়ের মাধ্যমে সংগ্রহ করা হয়েছে/হচ্ছে কি না সে বিষয়ে পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
- (৭) প্রকল্পের ঝুঁকি অর্থাৎ বাস্তবায়ন সম্পর্কিত বিভিন্ন সমস্যা যেমন অর্থায়নে বিলম্ব, বাস্তবায়নে পণ্য, কার্য ও সেবা ক্রয়/সংগ্রহের ক্ষেত্রে বিলম্ব, ব্যবস্থাপনা, মান অদক্ষতা ও প্রকল্পের মেয়াদ ও ব্যয় বৃদ্ধি ইত্যাদির কারণসহ অন্যান্য দিক বিশ্লেষণ, পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
- (৮) প্রকল্প অনুমোদন সংশোধন (প্রয়োজ্য ক্ষেত্রে) অর্থ বরাদ্দ, অর্থ ছাড়, বিল পরিশোধ ইত্যাদি বিষয়ে তথ্য উপাত্তের পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
- (৯) প্রকল্প সমাপ্তির পর সৃষ্ট সুবিধাদি টেকসই (sustainable) করার লক্ষ্যে মতামত প্রদান;
- (১০) প্রকল্পের উদ্দেশ্য, লক্ষ্য, প্রকল্পের কার্যক্রম, বাস্তবায়ন পরিকল্পনা, প্রকল্প ব্যবস্থাপনা, ঝুঁকি, মেয়াদ, ব্যয়, অর্জন ইত্যাদি বিষয় বিবেচনা করে একটি SWOT ANALYSIS করা;
- (১১) নির্মাণকাজে ব্যবহৃত নির্মাণ সামগ্রীর গুণগত যাচাই করা (প্রয়োজনে টেস্টের মাধ্যমে) এবং নির্মিত স্থাপনার গুণগতমান পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
- (১২) প্রকল্প সংশ্লিষ্ট নথিপত্র পর্যালোচনা ও মাঠ পর্যায় হতে KII, FDG, স্থানীয় কর্মশালা ইত্যাদির মাধ্যমে প্রাপ্ত তথ্যের বিশ্লেষণের আলোকে সার্বিক পর্যালোচনা, পর্যবেক্ষণ, ও প্রয়োজনীয় সুপারিশসহ একটি প্রতিবেদন প্রণয়ন করবে ও জাতীয় কর্মশালায় প্রতিবেদনটি উপস্থাপন করবে। জাতীয় কর্মশালায় প্রাপ্ত মতামত সন্নিবেশ করে চূড়ান্ত প্রতিবেদন প্রণয়ন করবে ;
- (১৩) প্রকল্প ব্যবস্থাপনা, প্রকল্প পরিচালক নিয়োগ, জনবল নিয়োগ, প্রকল্প ব্যবস্থাপনা কমিটির সভা, প্রকল্প স্টিয়ারিং কমিটির সভা, আয়োজন, কর্ম-পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন, সভার ও প্রতিবেদনের সিদ্ধান্ত বাস্তবায়ন, অগ্রগতির তথ্য প্রেরণ ইত্যাদি পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
- (১৪) প্রকল্পের অডিট কার্যক্রম পর্যালোচনা ও পর্যবেক্ষণ (ইন্টারনাল অডিট, এক্সটারনাল অডিট, অডিট আপত্তি সংক্রান্ত যেমন: কতটি অডিট ও কত টাকার ইত্যাদি);
- (১৫) সমীক্ষায় প্রাপ্ত বিভিন্ন পর্যবেক্ষণের ভিত্তিতে সার্বিক পর্যালোচনা ও প্রয়োজনীয় সুপারিশ প্রণয়ন;
- (১৬) কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত অন্যান্য বিষয়াবলি।
- ২। নিম্নলিখিত প্রতিবেদনসমূহ পরামর্শক প্রতিষ্ঠানকে দাখিল করতে হবে:

নং	প্রতিবেদনের নাম	সময়কাল	সংখ্যা
ক।	প্রারম্ভিক প্রতিবেদন (ইনসেপশন রিপোর্ট) (টেকনিক্যাল/স্টিয়ারিং) সভা	চুক্তি সম্পাদনের ১৫ দিনের মধ্যে	৪০ কপি
খ।	১ম খসড়া প্রতিবেদন (টেকনিক্যাল/স্টিয়ারিং) সভা	চুক্তি সম্পাদনের ৭৫ দিনের মধ্যে	৪০ কপি
গ।	২য় খসড়া প্রতিবেদন (ডেসিমিনিশন কর্মশালার)	চুক্তি সম্পাদনের ৯০ দিনের মধ্যে	৭৫ কপি
ঘ।	চূড়ান্ত প্রতিবেদন (বাংলা ৪০ ও ইংরেজি ২০)	চুক্তি সম্পাদনের ১০০ দিনের মধ্যে	৬০ কপি

৩। পরামর্শক প্রতিষ্ঠান ও পরামর্শকদের প্রকৃতি ও যোগ্যতা:

নং	ফর্ম ও পরামর্শক	শিক্ষাগত যোগ্যতা	অভিজ্ঞতা
১।	ফর্ম (পরামর্শক প্রতিষ্ঠান)	---	<ul style="list-style-type: none"> গবেষণা অথবা প্রকল্পের মূল্যায়ন/ পরিবীক্ষণ সংক্রান্ত সমীক্ষা পরিচালনায় ন্যূনতম ৩(তিন) বছরের অভিজ্ঞতা থাকতে হবে ; মাঠ পর্যায়ে ডাটা সংগ্রহ, ডাটা প্রক্রিয়াকরণ ও রিপোর্ট প্রণয়নে অভিজ্ঞতা; পর্যাপ্ত জনবল ও প্রয়োজনীয় সহায়ক সামগ্রী থাকতে হবে;
২।	ক) টিম লিডার (মূল্যায়ন বিশেষজ্ঞ)	(ক) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে যেকোন বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রিধারী। (খ) পিএইচডি ডিগ্রিধারীদের অগ্রাধিকার দেয়া হবে	<ul style="list-style-type: none"> গবেষণা ও মূল্যায়ন কাজে কম পক্ষে ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে; প্রকল্পের আওতায় সম্পাদিত বিভিন্ন পণ্য, কার্য ও সেবা সংগ্রহের (Procurement) ক্ষেত্রে প্রচলিত আইন ও বিধিমালা (পিপিএ-২০০৬/পিপিআর-২০০৮ ইত্যাদি) অনুসরণপূর্বক কার্যসম্পাদনে বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে; প্রতিবেদন প্রণয়ন ও উপস্থাপনায় দক্ষতা থাকবে হবে;

		<ul style="list-style-type: none"> ➤ SPSS সহ অন্যান্য Statistical Software Package পরিচালনায় দক্ষতা; এবং ➤ প্রকাশনা থাকতে হবে;
খ) পরিবীক্ষণ ও মূল্যায়ন বিশেষজ্ঞ	স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে EEE/ টেকনিক্যাল ইঞ্জিনিয়ারিং এ ইলেক্ট্রিক্যাল ও ইলেক্ট্রনিক্স বিষয়ে ন্যূনতম স্নাতক ডিগ্রি; স্নাতকোত্তর ডিগ্রিধারীদের অগ্রাধিকার দেওয়া হবে;	<ul style="list-style-type: none"> ➤ সংশ্লিষ্ট বিষয়ে প্রকল্প মূল্যায়ন সংক্রান্ত কাজে ন্যূনতম ৩ (তিন) বছরের অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে; ➤ গবেষণা ও মূল্যায়ন কাজে কমপক্ষে ০৩(তিন) বছরের অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে; ➤ প্রতিবেদন প্রণয়ন ও উপস্থাপনায় দক্ষতা থাকতে হবে;
গ) মূল্যায়ন বিশেষজ্ঞ	স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সিভিল ইঞ্জিনিয়ারিং বিষয়ে ন্যূনতম স্নাতক ডিগ্রি; স্নাতকোত্তর ডিগ্রিধারীদের অগ্রাধিকার দেওয়া হবে;	<ul style="list-style-type: none"> ➤ ইঞ্জিনিয়ারিং ও নির্মাণ সংক্রান্ত মূল্যায়ন কাজে ন্যূনতম ৩ (তিন) বছরের অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে; ➤ ইমারত নির্মাণ প্রকল্প সংক্রান্ত কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার প্রদান করা হবে;
ঘ) ডাটা ব্যবস্থাপনা বিশেষজ্ঞ	স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পরিসংখ্যান /কম্পিউটার সায়েন্স বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি;	<ul style="list-style-type: none"> ➤ ডাটা ব্যবস্থাপনায় ন্যূনতম ৫(পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে; ➤ SPSS সহ অন্যান্য Statistical Software Package পরিচালনায় দক্ষতা;

৪। ক্রয়কারী সংস্থা (আইএমইডি) কর্তৃক প্রদেয়:

- ক) প্রকল্প দলিল ও প্রকল্প সংশ্লিষ্ট বিভিন্ন প্রতিবেদন (ডিপিপি ও আরডিপিপি); এবং
খ) বিভিন্ন স্টেকহোল্ডারের সাথে যোগাযোগের জন্য প্রয়োজনীয় সহযোগিতা প্রদান ইত্যাদি।

(মো: আব্দুল মজিদ এনডিসি)
মহাপরিচালক ও সভাপতি
TOR চূড়ান্তকরণ সংক্রান্ত
কমিটি।